**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date: 13-01-2026** **Desk in Charge :- SDG**
**Time: 7-35 A.M.** **Compiling : NBR**
**DEO:- KB** **NRT : NBR**

**Announcement :-** আকাশবাণী /খবর পড়ছিঃ -

<u>বিশেষ বিশেষ খবর –</u>

১/ পশ্চিমবঙ্গে নিপাহ ভাইরাসে আক্রান্ত হওয়ার দুটি ঘটনা শনাক্ত হওয়ার পর কেন্দ্রীয় সরকার রাজ্যে একটি যৌথ জাতীয় রোগ প্রতিরোধ দল পাঠিয়েছে। # রাজ্য সরকার'ও সবরকম সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ করেছে।

২/ আই-প্যাকের কর্ণধারের বাড়ি ও দপ্তরে তল্লাশিতে বাধা দেওয়ার অভিযোগে পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী সহ পুলিশের একাধিক শীর্ষ কর্তার বিরুদ্ধে সুপ্রিমকোর্টে ইডি-র দায়ের করা মামলার আজ শুনানি হতে পারে।

৩/ সময়সীমা শেষ হয়ে আসায় ভোটার তালিকার বিশেষ নিবিড় সংশোধনী প্রক্রিয়ায় গতি বাড়াতে পশ্চিমবঙ্গে অতিরিক্ত ২ হাজার মাইক্রো অবজারভার নিয়োগ করছে নির্বাচন কমিশন।

৪/ একগুচ্ছ সরকারি প্রকল্পের উদ্বোধনে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আগামী ১৭'ই জানুয়ারী শনিবার, রাজ্যে আসছেন। # হাওড়া-গুয়াহাটি বন্দে ভারত স্লিপার সহ একাধিক ট্রেনের যাত্রার সূচনা করবেন তিনি।

৫/ স্কুল সার্ভিস কমিশনের নবম-দশম শ্রেণীর শিক্ষক নিয়োগের জন্য তথ্য যাচাই ও ইন্টারভিউ শুরু হবে ফেব্রুয়ারিতে।

৬/ মকর সংক্রান্তি উপলক্ষ্যে পুন্যার্থীর দল এখন গঙ্গাসাগরমুখী। # আগামীকাল শুরু হবে পুণ্যস্নান।

***********************************************************************

পশ্চিমবঙ্গে নিপাহ ভাইরাসে আক্রান্ত হওয়ার দুটি ঘটনা শনাক্ত হওয়ার পর কেন্দ্রীয় সরকার রাজ্যে একটি যৌথ জাতীয় রোগ প্রতিরোধ দল পাঠিয়েছে।
কল্যাণীর ‘অল ইন্ডিয়া ইনস্টিটিউট অফ মেডিকেল সায়েন্সেস’ AIIMS-এ তাঁদের নমুনা পজেটিভ আসে।
কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী জে পি নাড্ডা এব্যাপারে গতকাল মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির সঙ্গে টেলিফোনে কথা বলেন। মন্ত্রকের পক্ষ থেকে জানানো হয়েছে, তিনি গতকাল রাজ্যের মুখ্য সচিব এবং স্বাস্থ্য সচিবের সঙ্গে’ও কথা বলেন। পরিস্থিতি মোকাবিলা এবং রোগ ছড়িয়ে পড়া ঠেকাতে তিনি রাজ্যকে সবরকমের সহায়তার আশ্বাস দেন।

( বাইট- নাড্ডা  ৭-৩৫ )

উল্লেখ্য, রাজ্যে নীপা ভাইরাসে দুজন আক্রান্ত হওয়ার প্রেক্ষিতে মুখ্যসচিব নন্দিনী চক্রবর্তী গতকাল নবান্নে জরুরী বৈঠক করেন। মুখ্যসচিব বলেন, উত্তর চব্বিশ পরগনার বারাসতে একটি বেসরকারি হাসপাতালে কর্মরত ঐ দুজন সেখানেই চিকিৎসাধীন।
তাদের চিকিৎসায় রাজ্য সরকার সব ধরনের সহায়তা করবে। রোগীরা কাদের সংস্পর্শে এসেছিলেন, তা’ জানার চেষ্টা চলছে। পাশাপাশি পূর্ব বর্ধমান, উত্তর চব্বিশ পরগনা ও নদীয়া জেলাতে বাড়ানো হয়েছে নজরদারি।
বাদুড়-বাহিত এই রোগ প্রতিরোধে একটি মান্য কার্যবিধি তৈরির পাশাপাশি সাধারণ মানুষকে অযথা আতঙ্কিত না হয়ে সতর্ক থাকার আবেদন জানিয়েছেন তিনি। এজন্য খোলা হয়েছে দুটি হেল্পলাইন নাম্বার’ও।

********************

আই-প্যাকের কর্ণধার প্রতীক জৈনের পার্কস্ট্রিটের বাড়ি এবং সল্টলেকের অফিসে তল্লাশিতে বাধা দেওয়ার অভিযোগে সুপ্রিমকোর্টে পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি সহ  রাজ্য পুলিশের ডিজি রাজীব কুমার, কলকাতা পুলিশ কমিশনার মনোজ কুমার

ভার্মা, দক্ষিণ কলকাতার ডেপুটি পুলিশ কমিশনার প্রিয়ব্রত রায়ের বিরুদ্ধে ইডির দায়ের করা মামলার আজ শুনানি হতে পারে। গতকাল এই মামলা দায়ের করে ইডি। এর পাশাপাশি ইডির তিন আধিকারিকও আলাদা ভাবে পিটিশন দায়ের করেছেন। এই ঘটনায় সিবিআই তদন্তের নির্দেশ দেওয়ার আর্জি জানিয়েছে ইডি। ইডির বক্তব্য, তাদের অভিযান চলাকালীন রাজ্যের মুখ্যমন্ত্রী তদন্তের একাধিক গুরুত্বপূর্ণ নথি,ইলেকট্রনিক ডিভাইস জোর করে নিয়ে যান। ভারতীয় ন্যায় সংহিতার একাধিক ধারায় তা চুরি ও ডাকাতির সমান। রাজ্যের মুখ্যমন্ত্রী যেভাবে কলকাতা পুলিশ কমিশনার, এসিস্ট্যান্ট কমিশনারদের সঙ্গে নিয়ে ইডির কয়লা দূর্নীতির তদন্তের কাজে বাধা দিয়েছেন তা খুবই অস্বাভাবিক।

পশ্চিমবাংলায় এখন বিস্ময়কর পরিস্থিতি। এর প্রেক্ষিতেই শীর্ষ আদালতের দ্বারস্থ হতে বাধ্য হয়েছে ইডি।

********************

সময়সীমা শেষ হয়ে আসায় ভোটার তালিকার বিশেষ নিবিড় সংশোধনী প্রক্রিয়ায় গতি বাড়াতে পশ্চিমবঙ্গে অতিরিক্ত ২ হাজার মাইক্রো অবজারভার নিয়োগ করছে নির্বাচন কমিশন। ইতিমধ্যেই রাজ্যে ৪ হাজার ৬০০ জন মাইক্রো অবজারভার মোতায়েন রয়েছেন। নতুন সিদ্ধান্তের ফলে এ রাজ্যের মোট মাইক্রো অবজারভারের সংখ্যা দাঁড়াবে ৬ হাজার ৬০০। এছাড়াও শুনানি কেন্দ্রের সংখ্যা বাড়ানো এবং বেশি সংখ্যক এইআরও নিয়োগের কথা ভাবা হচ্ছে। নতুন নিয়োগপ্রাপ্ত মাইক্রো অবজারভারদের একদিনের প্রশিক্ষণ শিবির হবে ১৫ জানুয়ারি। সেখানে তথ্য যাচাইয়ের বিধি, অসঙ্গতি শনাক্তকরণ পদ্ধতি এবং সেক্টর অফিসারদের সঙ্গে সমন্বয়ের বিষয়টি হাতে-কলমে প্রশিক্ষণ দেওয়া হবে। তারপরেই এরা আনুষ্ঠানিকভাবে কাজে যোগ দেবেন।

উল্লেখ্য, আগামী ১৪ ফেব্রুয়ারি চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ করার কথা। নির্বাচন কমিশন সূত্রে খবর, আনম্যাপ ভোটার, তথ্যগত অসংগতি সহ বিভিন্ন কারণে এক কোটির বেশি ভোটারকে শুনানিতে ডাকা হতে পারে। সর্বশেষ পাওয়া তথ্য অনুযায়ী ইতিমধ্যে ৩৪ লক্ষ মানুষকে শুনানির নোটিশ পাঠানো হয়েছে।

********************

এস আই আর প্রক্রিয়ার শেষ লগ্নে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল এর ব্যক্তিগত মোবাইল নাম্বার সামাজিক মাধ্যমে ফাঁস হয়ে যাওয়ায় চাঞ্চল্য ছড়িয়েছে। নির্বাচন কমিশন সূত্রে জানা গিয়েছে, এক ফেসবুক পোস্টে মুখ্য নির্বাচনী আধিকারিক এর নম্বর দিয়ে এসআইআর সংক্রান্ত বিষয়ে সরাসরি তাকে যোগাযোগ করার পরামর্শ দেওয়া হয়েছে। এই ঘটনার পর থেকে তিনি একাধিক ফোন ও অবাঞ্ছিত মেসেজ পেয়েছেন। বিষয়টি নিয়ে পুলিশের কাছে অভিযোগ দায়ের করবেন বলে মুখ্য নির্বাচনী আধিকারিক জানান।

********************

ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধনীতে গুরুতর প্রক্রিয়াগত ত্রুটি ও অযৌক্তিক হয়রানির অভিযোগ তুলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি ফের দেশের মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমারকে চিঠি দিয়েছেন। SIR চলাকালীন কমিশনকে পাঠানো পঞ্চম চিঠিতে মুখ্যমন্ত্রী দাবি করেছেন, শুনানিতে নথি জমা দেওয়ার পরেও তার কোনও প্রাপ্তি স্বীকার করা হচ্ছে না। পরে যাচাই বা শুনানির সময় সেই নথিগুলিকে 'নট ফাউন্ড' বলে চিহ্নিত করে দেওয়া হচ্ছে।

এদিকে, সাংবিধানিক প্রক্রিয়াকে চ্যালেঞ্জ করে মুখ্যমন্ত্রীর বারবার চিঠি পাঠাঙ্কে কটাক্ষ করেছেন বিজেপির রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য।

( বাইট- শমীক )

********************

আজকের প্রসঙ্গ অনুষ্ঠানে আজ শুনবেন বিশেষ আলোচনা *ভারতের প্রযুক্তিগত আত্মনির্ভরতা* । মহাকাশ বিজ্ঞানী সব্যসাচী পালের সঙ্গে কথা বলেছেন কল্যাণ লাহা।

আকাশবাণী সংবাদ প্রযোজিত অনুষ্ঠানটি শুনবেন আজ রাত আটটায় গীতাঞ্জলি, DTH বাংলা এবং আকাশবাণী সংবাদ কলকাতা সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্মে।

********************

একগুচ্ছ সরকারি প্রকল্পের উদ্বোধনে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আগামী ১৭'ই জানুয়ারী শনিবার, রাজ্যে আসছেন। কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার জানিয়েছেন, ঐদিন মালদায় প্রধানমন্ত্রী বেশ কয়েকটি ট্রেনের উদ্বোধন করবেন। এর মধ্যে রয়েছে হাওড়া- গুয়াহাটি (কামাখ্যা) বন্দে ভারত স্লিপার ট্রেন এবং বেশ কয়েকটি অমৃত ভারত এক্সপ্রেস। পাশাপাশি তিনি একটি জনসভাতেও অংশ নিয়ে ভাষণ দেবেন।

পরদিন ১৮ তারিখ হুগলীর সিঙ্গুরে'ও প্রধানমন্ত্রীর অপর একটি জনসভায় ভাষণ দেওয়ার কথা।

(বাইট- সুকান্ত )

*********************

স্কুল সার্ভিস কমিশনের নবম-দশম শ্রেণীর শিক্ষক নিয়োগের জন্য তথ্য যাচাই ও ইন্টারভিউ শুরু হবে ফেব্রুয়ারিতে। স্কুল সার্ভিস কমিশন সূত্রে জানা গেছে, একাদশ ও দ্বাদশ শ্রেণির নিয়োগের চূড়ান্ত প্যানেল প্রকাশ ও কাউন্সেলিংয়ের পর নবম দশম শ্রেণির তথ্য যাচাই ও ইন্টারভিউ পর্ব শুরু হবে। নবম দশমে ২৩ হাজার ২১২ টি শূন্যপদে শিক্ষক নিয়োগে করা হবে। তথ্য যাচাইয়ে জন্য ইতিমধ্যেই প্রায় ৪০ হাজার প্রার্থীকে ডাকা হয়েছে। তবে ফেব্রুয়ারি মাসের আগে এই প্রক্রিয়া শুরু করা হচ্ছে না বলেই এসএসসি সূত্রে জানা গেছে।

এদিকে, চলতি মাসের মাঝামাঝি নাগাদ একাদশ ও দ্বাদশ শ্রেণির শিক্ষক নিয়োগের জন্য চূড়ান্ত প্যানেল প্রকাশ করা হবে। ইতিমধ্যেই এ জন্য ইন্টারভিউ প্রক্রিয়া শেষ হয়েছে। ১২ হাজার ৫১৪ টি শূন্যপদের জন্য ২১ শে জানুয়ারির মধ্যে চূড়ান্ত প্যানেল প্রকাশ করা হবে বলে স্কুল সার্ভিস কমিশন জানিয়েছে। তার এক সপ্তাহের মধ্যেই শুরু হবে কাউন্সেলিং। ফেব্রুয়ারি মাসের প্রথমে নিয়োগ প্রক্রিয়া সম্পূর্ণ করার লক্ষ্যেই প্রস্তুতি চালানো হচ্ছে বলে কমিশন জানা গেছে।

*********************

মকর সংক্রান্তি উপলক্ষ্যে পূন্যার্থীর দল এখন গঙ্গাসাগরমুখী। আগামীকাল দুপুর একটা উনিশ মিনিট থেকে বৃহস্পতিবার দুপুর একটা উনিশ মিনিট পর্যন্ত পূন্য স্নানের সময় রয়েছে। হাওড়া, শিয়ালদা, বাবুঘাট সহ সর্বত্রই তীর্থযাত্রীদের ভীড় ক্রমশঃ বাড়ছে।

একটি প্রতিবেদন- (ভিসি- গঙ্গাসাগর )

********************

বাতাসে জলীয় বাষ্পের পরিমাণ আবার বেড়ে যাওয়ায় আজ সর্বনিম্ন তাপমাত্রা গতকালের থেকে কিছুটা বেড়েছে। আলিপুরে আজ সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ১৩.৩ ডিগ্রি সেলসিয়াস, যা প্রায় স্বাভাবিকের কাছে। গতকাল সর্বোচ্চ তাপমাত্রা ছিল ২৩.৭ ডিগ্রি সেলসিয়াস স্বাভাবিকের থেকে মাত্র এক ডিগ্রি কম। সকালের দিকে উত্তরবঙ্গের জেলাগুলিতে হালকা থেকে মাঝারি কুয়াশা থাকার সম্ভাবনা রয়েছে। অন্যদিকে আগামী ৭ দিন রাজ্যে শুষ্ক আবহাওয়া বজায় থাকবে বলে আলিপুর আবহাওয়া দপ্তর জানিয়েছে।

********************

৪৯-তম আন্তর্জাতিক কলকাতা বইমেলা শুরু হচ্ছে এমাসের ২২ তারিখে। সম্মানীয় অতিথি হিসেবে উপস্থিত থাকবেন এবছরের ফোকাল থিম কান্ট্রি আর্জেন্টিনার বিশিষ্ট সাহিত্যিক গুস্তাবো কানসোব্রে এবং ভারতে নিযুক্ত আর্জেন্টিনার রাষ্ট্রদূত মারিয়ানো কাউসিনো। কলকাতায় এক সাংবাদিক বৈঠকে পাবলিশার্স এন্ড বুক সেলার্স গিল্ডের সভাপতি সুধাংশুশেখর দে গতকাল জানান, মেলায় ছোট-বড় মিলিয়ে স্টল থাকছে এক হাজারের বেশি।

(বাইট- সুধাংশু শেখর)

************************************************************